



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন -১  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭৬.২৩.১১২

তারিখ: ২৯ মাঘ ১৪৩০

১২ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ১৫০৬১/২০২৩-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৫০৬১/২০২৩-এর ১১/১২/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের পৌর-১ শাখার গত ২৩/১১/২০২৩ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৪.২২(অংশ-১)-১৭৩৩ সংখ্যক স্মারকের সাতক্ষীরা জেলার সাতক্ষীরা পৌরসভার মেয়র জনাব মোঃ তাজকিন আহমেদ-এর পদটি শূন্য ঘোষণা, ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৪.২২(অংশ-১)-১৭৩৪ সংখ্যক স্মারকে প্যানেল মেয়র-১ জনাব কাজী ফিরোজ হাসান-কে দায়িত্ব অর্পণ এবং ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৪.২২(অংশ-১)-১৭৩৫ সংখ্যক স্মারকে উক্ত শূন্যপদে উপ-নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়-কে অনুরোধ করা হয়। ফলে পিটিশনার জনাব মোঃ তাজকিন আহমেদ সংস্কৃত হয়ে রিট পিটিশন নং ১৫০৬১/২০২৩ রুজু করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ উপর্যুক্ত স্মারক তিনটির কার্যকারিতা আদেশ প্রদানের তারিখ হতে পরবর্তী ০৬(ছয়) মাস পর্যন্ত স্থগিত করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, যুগ্মসচিব, নগর উন্নয়ন-২ অধিশাখা-কে ২নং এবং জেলা প্রশাসক, সাতক্ষীরা-কে ৩নং প্রতিপক্ষসহ মোট দশ জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৫০৬১/২০২৩-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা ও আনুসঙ্গিক কাগজপত্র নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8340/potrojariAttachmentRef/52816/0/2240)

১২-২-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)  
সলিসিটর অনুবিভাগ  
আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭৬.২৩.১১২/১

তারিখ: ২৯ মাঘ ১৪৩০

১২ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়
- ২) উপসচিব, পৌরসভা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১২-২-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)